জীবননগর উপজেলার ২০২৩-২০২৪ আর্থিক বছরের উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত স্থায়ী কমিটির সভার কার্যবিবরনী।

সভাপতিঃ জনাব মোঃ আব্দুস সালাম
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ।
সভা নং ঃ ৩০
তারিখঃ ২৫/১০/২০২৩ খ্রিঃ
সময়ঃ সকাল ১০.০০ টা

**উপস্থিত সদস্যগনের নাম পদবী ও স্বাক্ষর**

| | | |
|---|---|---|
| ০১। জনাব মোঃ আঃ সালাম<br>ভাইস চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরিত |
| ০২ । জনাব মোঃ রবিউল ইসলাম<br>চেয়ারম্যান , হাসাদা ইউ,পি | সদস্য | " |
| ০৩। জনাব মোঃ ইশাবুল ইসলাম (মিল্টন)<br>চেয়ারম্যান, সীমান্ত ইউপি | সদস্য | " |
| ০৪। জনাব মোঃ নুর আলম<br>উপজেলা সমবায় অফিসার | সদস্য | " |
| ০৫। জনাব মোছাঃ মুক্তা খাতুন<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা (অঃদা) | সদস্য | " |
| ০৬। জনাব মোঃ জামিল আখতার<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য সচিব | " |

অদ্যকার সভা অত্র স্টান্ডিং কমিটির সভাপতি জনাব মোঃ আঃ সালাম, ভাইস চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়।

সভার শুরুতে ইউআরডিও গত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনান। পাঠান্তে উহা সঠিক থাকায় কোন রকম সংশোধনী ব্যতিরেখে তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এরপর সভাপতি মহোদয় বিভাগ ওয়ারী আলোচনার জন্য অনুরোধ জানান।

সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার/সদস্য সচিব সভাকে জানান যে, তার দাপ্তরিক কাজের মধ্যে উল্লেখ্যযোগ্য হচ্ছে গ্রামীন দরিদ্র জনগোষ্ঠীর আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের জন্য সমিতি/দল গঠন, পুঁজি গঠন, যৌতুক ও বাল্যবিবাহ রোধ, নারীর ক্ষমতায়ন, স্যানিটেশনে উদ্বুদ্ধ করা, সদস্যদের আয়বর্ধকমূলক কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান করা এবং প্রশিক্ষণ পরবর্তীতে ঋণ সহায়তা প্রদান করা। তিনি সভাকে জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বিআরডিবির আওতাধীন সার্টিফিকেট মামলা ২৭ টি চলমান আছে । সার্টিফিকেট মামলা নিয়মিত তদারকির মাধ্যমে অর্থ আদায়ের ব্যবস্থা নিতে হবে। অপ্রধান শস্য কর্মসূচির সুফলভোগী সদস্যেদের ঋণ বিতরণ ও আদায় দ্রুত সফলভাবে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। ইরেসপো কর্মসূচীর খেলাপী ঋণ আদায় ও অন্যান্ন কার্যক্রম নিয়ে সভায় ব্যাপক আলোচনা শেষে সফল বাস্তবায়নের পদক্ষেপ নেওয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে শেয়ার আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রা ১.৬০ লক্ষ টাকা জুলাই/২০২৩ মাসে অগ্রগতি ০.৩১ লক্ষ টাকা, সঞ্চয় আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রা ১৫.৫৬ লক্ষ টাকা এ পর্যন্ত আদায় ৭.৪৮ লক্ষ টাকা, ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রা ৫৭৯.৮৫ লক্ষ টাকা, এ পর্যন্ত বিতরণের পরিমান ১৩২.৮২ লক্ষ টাকা। ঋণ আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রা ২০৯.৩৩ লক্ষ টাকা, আদায়ের পরিমান ১১৮.৪৮ লক্ষ টাকা। বার্ষিক আদায়ের হার ৫৬% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৬%। অত্র দপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ৬টি প্রকল্পের মোট খেলাপী ঋণের পরিমান ৯০.৮৫ লক্ষ টাকা। তিনি সভায় খেলাপী ঋণ আদায়ের ব্যাপারে স্থায়ী কমিটির মাধ্যমে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করেন।

সুপারিশ সমুহঃ খেলাপী ঋণ আদায়ের সহযোগীতার প্রস্তাবটি সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।

উপজেলা প্রকল্প কর্মকর্তা সভাকে জানান য়ে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে শেয়ার আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রা ০.২৯ লক্ষ টাকা জুলাই/২০২৩ মাসে অগ্রগতি ০০ লক্ষ টাকা, সঞ্চয় আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রা ১.৪৩ লক্ষ টাকা এ পর্যন্ত আদায় ০.৭৬ লক্ষ টাকা, ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫০.০০ লক্ষ টাকা, এ পর্যন্ত বিতরণের পরিমান ৫.৯১ লক্ষ টাকা। বছরে ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৪৮.৩৭ লক্ষ টাকা, আদায়ের পরিমান ১৩.৫৬ লক্ষ টাকা। বার্ষিক আদায়ের হার ২৮% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৮%। বর্তমানে খেলাপী ঋণের পরিমান ৩৪.৮১ লক্ষ টাকা। তিনি সভায় খেলাপী ঋণ আদায়ে স্থায়ী কমিটির মাধ্যমে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করেন।

সুপারিশ সমুহঃ খেলাপী ঋণ আদায়ে সহযোগীতার প্রস্তাবটি সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।

উপজেলা সমবায় অফিসার সভাকে জানান য়ে, মনোহরপুর আশ্রায়ন প্রকল্পে উপকারভোগীদের নিকট বিতরণকৃত ঋণের পরিমান ১৭.০৩ লক্ষ টাকা। এ পর্যন্ত ঋণ আদায়ের পরিমান ৯.৭৬ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৫৭%। উল্লেখ্য ঋণ গ্রহণ পূর্বক ব্যারাক ত্যাগকারী সদস্যদের নিকট পাওনা ঋণের পরিমান ৭.২৩ লক্ষ টাকা এবং মৃত সদস্যদের নিকট পাওনা ঋণের পরিমান ০.৩০ লক্ষ টাকা। ব্যারাকে অবস্থানকারী সদস্যরা নিয়মিত ঋণের কিস্তি পরিশোধ করছে। ঋণ আদায়ের অগ্রগতি পূর্বের তুলনাই মোটামুটি সন্তোষজনক।

সুপারিশ সমুহঃ খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১০/২৩

সভাপতি
(মোঃ আব্দুস সালাম)
ভাইস চেয়ারম্যান
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নংঃ ৪৭.৬২.১৮৫৫.১০১.১৬.০৩১.১৫-৭৫৯

তারিখ ২৬ অক্টোবর, ২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে প্রেরিত হলো।

০১। উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা।

০২। অফিস কপি।

26.10.2023

(মোঃ জামিল আখতার)
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
জীবননগর, চুয়াডাঙ্গা।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়

জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নংঃ- ৪৭.৬২.১৮৫৫.১০১.১৬.৩১.১৫-৭৪৭ তারিখঃ ১৯ অক্টোবর,২০২৩ খ্রিঃ

# নোটিশ

আগামী ২৫-১০-২০২৩ খ্রিঃ রোজ বুধবার সকাল ১০.০০ টায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সভাপতি ও ভাইস চেয়ারম্যান, ষ্ট্যান্ডিং কমিটি জীবননগর উপজেলা পরিষদের কার্যালয়ে জরুরী সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় সম্মানিত সদস্য হিসাবে আপনার উপস্থিতি একান্ত কামনা করছি।

আলোচ্য সুচিঃ

০১। সার্টিফিকেট মামলা কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

০২। অপ্রধান শস্যের কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

০৩। ইউসিসিএলি: এর কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

০৪। ইরেসপো কর্মসূচীর কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

০৫। ঋণ বিতরণ ও আদায় প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

০৬। পজীক এর সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

০৭। সমবায় বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

০৮। বিবিধ।

( মোঃ জামিল আখতার)
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও
সদস্য সচিব
ষ্ট্যান্ডিং কমিটি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নংঃ- ৪৭.৬২.১৮৫৫.১০১.১৬.৩১.১৫-৭৪৭ তারিখঃ ১৯ অক্টোবর,২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলো।

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।

০২। উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা।

০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ , জীবননগর, চুয়াডাঙ্গা।

০৪। উপজেলা সমবায় অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা।

০৫। উপজেলা প্রকল্প অফিসার, পজীপ, জীবননগর, চুয়াডাঙ্গা।

০৬। চেয়ারম্যান, হাসাদাহ / সীমান্ত ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।

০৭। অফিস নথি।

19.10.2023
(মোঃ জামিল আখতার)
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
জীবননগর, চুয়াডাঙ্গা

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত স্থায়ী কমিটির সভার হাজিরা

অধিবেদন নং ৩০

স্থানঃ ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ

তারিখঃ ২৫-১০-২০২৩

সময়ঃ১০.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যগনের নাম পদবী ও স্বাক্ষর**

| ক্র: নং | নাম | পদবী | উপস্থিত স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আঃ সালাম<br>ভাইস চেয়ারম্যান | সভাপতি | [signature] |
| ০২ | জনাব মোঃ রবিউল ইসলাম<br>চেয়ারম্যান , হাসাদা ইউ,পি | সদস্য | [signature] |
| ০৩ | জনাব মোঃ ইশাবুল ইসলাম (মিল্টন)<br>চেয়ারম্যান, সীমান্ত ইউপি | সদস্য | [signature] ২৫/১০/২৩ |
| ০৪ | জনাব মোঃ নুর আলম<br>উপজেলা সমবায় অফিসার | সদস্য | [signature] |
| ০৫ | জনাব মোছাঃ মুক্তা খাতুন<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা (অঃদা) | সদস্য | [signature] |
| ০৬ | জনাব মোঃ জামিল আখতার<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্ত | সদস্য সচিব | [signature] 25.10.2023 |